

বাংলাদেশে গমের পাতার মরিচা ও ব্লাস্ট রোগের কৃষক পরামর্শ

মেয়াদকাল: ১২-১৮ এপ্রিল ২০২৪

সতর্কবার্তা: ০৮

মূলবার্তা

বাংলাদেশের বেশিরভাগ অঞ্চলে কৃষকরা তাদের গম কর্তন শুরু করে দিয়েছে তবে দেরিতে বোনা গম এবং সংবেদনশীল জাতের ক্ষেত্রে এই রোগের সংক্রমণের মাত্রা বাড়তে পারে। দেশের বিভিন্ন জেলায় মাঠে গমের পাতার মরিচা ও ব্লাস্ট রোগের উপস্থিতি পাওয়া গেছে। মধ্য-পশ্চিম, উত্তর-পশ্চিম এবং দক্ষিণাঞ্চলে গমের পাতার মরিচা রোগের সংক্রমণ নিম্ন মাত্রায় পরিলক্ষিত হচ্ছে। অন্যদিকে, দেশের মধ্য-পশ্চিমাঞ্চল এবং দক্ষিণাঞ্চলে গমের ব্লাস্ট রোগের সংক্রমণ পরিলক্ষিত হচ্ছে। বিশেষ করে ফরিদপুর এবং ভোলা জেলায় ব্লাস্ট রোগের প্রাদূর্ভাব সবচেয়ে বেশি পরিলক্ষিত হচ্ছে এবং দেরিতে বোনা ফসলের ক্ষেত্রে রোগের তীব্রতা বাড়তে পারে।

পরামর্শ

২১-২৯ এপ্রিল এর মধ্যে দেশের বিভিন্ন অঞ্চলে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দেরিতে বোনা গমের মাঠে গমের পাতা ও কাণ্ডের মরিচা রোগের সংক্রমণের অনুকূল পরিবেশ বিরাজ করছে। দেরিতে বোনা গমের মাঠ নিয়মিত পরিদর্শন করার জন্য কৃষকদের পরামর্শ দেওয়া হলো এবং রোগ দমন ব্যবস্থাপনা বিষয়ক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সুপারিশ

কৃষকের মাঠে গমের ব্লাস্ট ও পাতার মরিচা রোগের সংক্রমণ পরিলক্ষিত হলে প্রতিরোধক ব্যবস্থা হিসেবে কার্যকরী ছত্রাকনাশক (নাটিভো ৭৫ ডব্লিউজি/এমিস্টার টপ ৩২৫ এসসি ইত্যাদি) অনুমোদিত মাত্রায় গাছে স্প্রে করতে হবে। এছাড়াও প্রয়োজনীয় পরামর্শের জন্য নিকটস্থ উপসহকারী কৃষি কর্মকর্তা অথবা উপজেলা কৃষি অফিস অথবা বিভাগিউএমআরআই এর অফিসে যোগাযোগ করুন।